

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

বিজ্ঞপ্তি

নং-বাউরেস/ ৮৮(৫০)/২০২১

তারিখঃ ১৩/০৯/২০২১

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমের পরিধি বৃদ্ধি করার লক্ষ্যে রিসার্চ এডভাইজরি কমিটি (আরএসি) এর ৭৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ে কর্মরত লেকচারার ও সহকারী প্রফেসরদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের অর্থে জানু/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ১(এক) বছর মেয়াদী বিশেষ প্রকল্প প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। এমতাবস্থায়, আরএসি কর্তৃক অনুমোদিত Research Priority Area অনুযায়ী নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে নির্ধারিত ছকে Full Project Proposal জমা দিতে হবে (কপি সংযুক্ত)। আগামী ৩০-০৯-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে Project Proposal বাউরেস ওয়েবসাইটে (<http://baures.bau.edu.bd/eapp/>) Submit সহ এর ৫(পাঁচ) কপি (হার্ড কপি) পরিচালক, বাউরেস বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ১। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত লেকচারার ও সহকারী প্রফেসরদের কর্তৃক প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়া যাবে।
- ২। বিশ্ববিদ্যালয় অর্থায়নে বর্তমানে যে সকল শিক্ষকবৃন্দের প্রকল্প চলমান আছে তারা প্রকল্প জমা দিতে পারবেন না।
- ৩। একজন লেকচারার ও সহকারী প্রফেসর শুধুমাত্র একটি প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে পারবেন। প্রতিটি প্রকল্পের বার্ষিক বাজেট ১ লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রতিটি প্রকল্পের জন্য প্রধান গবেষক মূল বেতনের সমপরিমাণ (তবে ৩০,০০০/- টাকা এর উর্দ্বৈ নহে) সম্মানীভাভা প্রাপ্য হবেন, যা প্রকল্পের বাজেটের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।
- ৪। আরএসি-র সিদ্ধান্ত মোতাবেক মাননীয় উপচার্য মহোদয়ের অনুমোদন ক্রমে বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও গবেষকদের মধ্য থেকে ৪টি/৫টি প্রকল্পের জন্য ১জন করে কো-অডিনেটর নিয়োগ দেয়া হবে, যিনি উক্ত প্রকল্পগুলো সমন্বয় করবেন এবং বার্ষিক সর্বসাকুল্যে ৫০,০০০/- সম্মানীভাভা প্রাপ্য হবেন, যা প্রকল্পের প্রস্তাবনার বাজেটের বাইরে থাকবে। কিন্তু কোন কো-অডিনেটরের বাউরেস অর্থায়নে কোন প্রকল্প থাকলে তিনি ৫০,০০০/- টাকার স্থলে ৩০০০০/- টাকা সম্মানীভাভা প্রাপ্য হবেন।
- ৫। দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই Original research work ভিত্তিক হতে হবে। (দাখিলকৃত প্রকল্পটির অনুকূলে অন্য কোন দাতা সংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহণ করলে তা বাতিল হয়ে যাবে)।
- ৬। আরএসি'র সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষকবৃন্দ লিয়েন/প্রেষণে আছেন সে সকল শিক্ষকবৃন্দ প্রকল্প পরিচালনা করতে পারবেন না।
- ৭। প্রকল্প প্রস্তাবনার প্রাথমিক যাচাইবাছাই, রিভিও ও মূল্যায়ন অনলাইনে করা হবে। চূড়ান্ত মূল্যায়নের জন্য দাখিলকৃত প্রস্তাবনাটি প্রধান গবেষককে মূল্যায়ন কমিটির সামনে নির্ধারিত সময়ে উপস্থাপন (presentation) করতে হবে। প্রধান গবেষক ছাড়া অন্য কেহ উপস্থাপন করতে পারবে না।
- ৮। মূল্যায়নের পূর্বে বা পরে প্রকল্প প্রস্তাবনাটিতে কোন সংশোধনের প্রয়োজন হলে সংশোধিত প্রকল্প প্রস্তাবনার ২(দুই) কপি পরবর্তীতে জমা দিতে হবে।
- ৯। যথাযথ কর্তৃপক্ষের (সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও ডীন/পরিচালক) মাধ্যমে অনুমোদিত ফরমেট অনুযায়ী Project Proposal দাখিল করতে হবে।
- ১০। উক্ত বাৎসরিক বাজেটের মধ্যেই বার্ষিক Monitoring and Evaluation খাতে টা. ৪,৮০০/- (কথায়ঃ চার হাজার আটশত টাকা) মাত্র বরাদ্দ রাখতে হবে।
- ১৪। অর্থ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশ এবং আরএসি কর্তৃক অনুমোদিত হলে প্রকল্পসমূহ যথাসময়ে চালু করা হবে। প্রকল্প গুলো হতে কাজিত সাফল্য বা প্রযুক্তি বাউরেস এর মাধ্যমে প্যাটেন্ট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৫। অনুমোদিত গবেষণা প্রকল্পের ফলাফল স্বীকৃত কোন ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে প্রকাশ করলে সংশ্লিষ্ট কমিটির অনুমোদন ক্রমে বাউরেস এর প্রচলিত নিয়মে প্রকাশনা খরচ প্রদান করা হবে। প্রকাশিত আর্টিকেলটিতে প্রকল্পের আইডিসহ (বাউরেস হতে প্রদত্ত প্রকল্প নং) বাউরেসকে Acknowledge করতে হবে।
- ১৬। নির্ধারিত ছক ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই Project Proposal গ্রহণ করা হবে না।
- ১৭। কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডীন, ভেটেরিনারি/কৃষি/পশুপালন/কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমানবিজ্ঞান/কৃষি প্রকৌশল ও কারিগরি/ মাৎস্যবিজ্ঞান অনুসদয়/পরিচালক, জিটিআই/পরিচালক আইএডিএস/পরিচালক, আইআই এফএস, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

বিভাগীয় শিক্ষকবৃন্দের অংশগ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ২। .....বিভাগ, বাকুবি, ময়মনসিংহ।
- ৩। অফিস কপি।

*Alim Hossain*  
13.09.21  
পরিচালক, বাউরেস